# উদ্ভাবনী পাইলট প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন
## গ্রাম ভিত্তিক প্রাণিসম্পদ সেবা ক্যাম্প




উদ্ভাবনী পাইলট প্রকল্প বাস্তবায়নকারীঃ
ডাঃ মোঃ আব্দুল মজিদ
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
পত্নীতলা ,নওগাঁ।

উদ্ভাবনী পাইলট প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন

প্রকল্পের নামঃ গ্রাম ভিত্তিক গবাদি পশু ও হাঁস-মুরগির রোগ প্রতিরোধ এবং চিকিৎসা সেবায় প্রাণিসম্পদ সেবা ক্যাম্প।

প্রকল্পের সংক্ষিপ্ত নামঃ গ্রাম ভিত্তিক প্রাণিসম্পদ সেবা ক্যাম্প

উদ্ভাবনী পাইলট প্রকল্প বাস্তবায়নকারীর নামঃ ডাঃ মোঃ আব্দুল মজিদ
পদবীঃ উপজেলা প্রাণিসম্পদ অফিসার
কমর্স্থলঃ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর,পত্নীতলা ,নওগাঁ।
ইমেইল আইডিঃ maz_id10@yahoo.com
মোবাইল নম্বরঃ ০১৭১২০২১৭২০

সহযোগিতায়ঃ একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম (এটুআই), প্রধানমন্ত্রীর কাযার্লয়,ঢাকা।



ডাঃমোঃ আব্দুল মজিদ
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
পত্নীতলা,নওগাঁ।

**মুখবন্ধ**

জাতীয় অথর্নীতিতে প্রাণিসম্পদের গুরুত্ব অপরিসীম ,বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলে প্রতিবছর সংক্রামক রোগে অনেক গবাদি পশু ও হাঁস-মুরগি মারা যায় ফলে দুধ , মাংস, ডিম উৎপাদনে বিরুপ প্রতিক্রিয়া দেখা দেয় এবং গ্রামীণ জনগোষ্ঠির অথর্নৈতিক ক্ষতি সাধিত হয়। ২০১৪ সালের মে মাসে এটুআই প্রোগ্রাম এর আওতায় মাঠ পযার্য়ের কমর্কতার্দের নাগরিক সেবায় উদ্ভাবন ও সক্ষমতা বৃদ্ধি শীষর্ক প্রশিক্ষণ কমর্শালায় অংশগ্রহণের সময় প্রাণিসম্পদ বিভাগের প্রচলিত  রোগ প্রতিরোধ ও চিকিৎসা সেবা পদ্ধতি সহজ করে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার জন্য উদ্ভাবনী পাইলট প্রকল্প  **গ্রাম ভিত্তিক প্রাণিসম্পদ সেবা ক্যাম্প** ডিজাইন করা হয়। বতর্মান কমর্স্থলে প্রকল্পটির পাইলটিং কাজ বাস্তবায়নের ফলে মাঠ পযার্য়ে প্রাণিসম্পদ বিভাগের কাযর্ক্রমের গুনগত মান  দৃশ্যমান হয়েছে এবং জনগণের সেবা পেতে সময় ,খরচ ও ভিজিট হ্রাস পাওয়া সহ সবর্পরি নাগরিক ভোগান্তি কমেছে।

প্রকল্পটি বাস্তবায়নে কিছু অপূণর্তা থাকতে পারে । ভবিষ্যতে উন্নত সেবা প্রদানে  প্রকল্প বাস্তবায়নকারী সচেষ্ট হবে। আমার উদ্ভাবিত আইডিয়াটি দেশের সকল উপজেলায় বাস্তবায়নের জন্য সবার সহযোগিতা কামনা করছি। পাইলট প্রকল্পটি বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে আমার আন্তরিক ধন্যবাদ। সবার জন্য শুভ কামনা রইল।

ডাঃ মোঃ আব্দুল মজিদ

## সূচীপত্র


| ক্রমিকনং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১। | প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ | ৪ |
| ২। | প্রকল্পের উদ্দেশ্য | ৪ |
| ৩। | প্রকল্প গ্রহণের প্রেক্ষাপট | ৪ |
| ৪। | প্রকল্পের আগে বিদ্যমান সমস্যা | ৪ |
| ৫। | প্রকল্পে গৃহিত সমাধান | ৪ |
| ৬। | উদ্ভাবনী পাইলট প্রকল্প বাস্তবায়নের আগে প্রচলিত সেবা | ৫ |
| ৭। | উদ্ভাবনী পাইলট প্রকল্প বাস্তবায়নের পরে প্রদানকৃত সেবা | ৬ |
| ৮। | সেবাদান পদ্ধতি | ৭ |
| ৯। | গ্রাম ভিত্তিক প্রাণিসম্পদ সেবা ক্যাম্পের কাযর্ক্রম | ৭ |
| ১০। | গ্রাম ভিত্তিক প্রাণিসম্পদ সেবা ক্যাম্প কাযর্ক্রমের প্রসেস ম্যাপ | ৮ |
| ১১। | প্রকল্পটি প্রাণিসম্পদ বিভাগের প্রচলিত রোগ প্রতিরোধ ও চিকিৎসা পদ্ধতি থেকে আলাদা | ৮ |
| ১২। | প্রকল্পের উপকার ভোগী | ৮ |
| ১৩। | প্রকল্প বাস্তবায়ন এলাকা | ৮ |
| ১৪। | প্রকল্প বাস্তবায়ন সময়কাল | ৮ |
| ১৫। | প্রকল্প বাস্তবায়নকারী টিম | ৯ |
| ১৬। | গৃহীত সমাধানের ফলে অজির্ত ফলাফল | ৯ |
| ১৭। | প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় সম্পদ সংগ্রহ/অর্থের উৎস | ৯ |
| ১৮। | প্রকল্প বাস্তবায়নে অংশিজনের ভূমিকা | ৯ |
| ১৯। | প্রকল্প বাস্তবায়নে অসুবিধা/চ্যালেঞ্জ এবং সমাধান | ৯ |
| ২০। | প্রকল্প থেকে শিক্ষণীয় বিষয় | ৯ |
| ২১। | প্রকল্পটির টেকসইযোগ্যতা | ১০ |
| ২২। | প্রকল্পটি সারাদেশে বাস্তবায়নযোগ্যতা | ১০ |
| ২৩। | ফটোগ্যালারী | ১১ |
| ২৪। | প্রকল্প বাস্তবায়নে প্রাপ্ত সম্মাননা | ১২ |

## ১.প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণঃ

উপজেলার প্রত্যন্ত অঞ্চলে গবাদি পশু ও হাঁস-মুরগির রোগ প্রতিরোধ এবং চিকিৎসা সেবায় গ্রাম ভিত্তিক আধুনিক প্রাণিসম্পদ সেবা ক্যাম্প পরিচালনা।

## ২. প্রকল্পের উদ্দেশ্যঃ

নাগরিক ভোগান্তি লাঘবে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের প্রচলিত রোগ প্রতিরোধ ও চিকিৎসা সেবা পদ্ধতি সহজ করে জনগণের দোর গোড়ায় পৌঁছানো।

## ৩. প্রকল্প গ্রহণের প্রেক্ষাপটঃ

পোষ্টাল একাডেমী,রাজশাহীতে বিভাগীয় কমিশনার রাজশাহী ও এটুআই প্রোগ্রাম এর যৌথ উদ্যোগে ২০১৪ সালের মে মাসে ৫ (দিন) ব্যাপী নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণ কমর্শালায় অংশ গ্রহণের মাধ্যমে সেবা গ্রহিতাদের চাহিদা মোতাবেক প্রকল্পটি প্রণয়ণ এবংপরবতীর্তে বতর্মান কমর্স্থলে এসে পাইলটিং এর কাজ শুরু করা হয় ।

## ৪.প্রকল্পের আগে বিদ্যমান সমস্যাঃ

১. উপজেলার দূরের গ্রামের সেবা গ্রহিতাগণ (গবাদি পশু ও হাঁস-মুরগির মালিক) বিশেষ করে নারী,শিশু, প্রবীণ ও প্রতিবন্ধীরা তাদের গবাদি পশু ও হাঁস-মুরগির রোগের প্রকোপ ও অন্যান্য সমস্যা থাকা সত্বেও উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে এসে সময়,পরিবহন ব্যয় ও কষ্ট করে চিকিৎসা ও রোগ প্রতিরোধ সেবা না নেওয়া।
২. প্রত্যন্ত অঞ্চলের সেবা গ্রহিতাগণ তাদের গবাদি পশুর চিকিৎসায় কবিরাজী ঔষধ, গ্রাম্য প্রাথমিক চিকিৎসকদের ঔষধ ব্যবহারের ফলে আথির্কভাবে ক্ষতিগ্রস্থ হওয়া।
৩. আধুনিক প্রাণিসম্পদ সেবা উপজেলা প্রাণিসম্পদ দপ্তর থেকে দুরের গ্রামে না পৌঁছানো।

## ৫.প্রকল্পে গৃহিত সমাধানঃ

ক. সপ্তাহে ১ (এক) দিন উপজেলা প্রাণিসম্পদ অফিসার / ভেটেরিনারী সাজর্ন এর নেতৃত্বে টিম কতৃর্ক উপজেলার দুরের গ্রামে গবাদিপশু ও হাঁস-মুরগির রোগ প্রতিরোধ এবং চিকিৎসা সেবায় আধুনিক প্রাণিসম্পদ সেবা ক্যাম্প পরিচালনা করা।
খ. প্রয়োজনে মোবাইল কলের মাধ্যমে উপজেলা প্রাণিসম্পদ অফিসার / ভেটেরিনারী সাজর্ন এর পরামর্শ গ্রহণ।
গ. জরুরী প্রয়োজনে প্রাণিসম্পদ স্বেচ্ছাসেবীদের মাধ্যমে তাৎক্ষনিক সেবা প্রদান।

প্রকল্পে গৃহিত সমাধানে ফলে সেবা গ্রহিতাদের সময় , খরচ ও যাতায়াতসহ ভোগান্তি কমেছে।

৬.উদ্ভাবনী পাইলট প্রকল্প বাস্তবায়নের আগে প্রচলিত সেবাঃ

| | |
|---|---|
| ১.অফিসে ভেটেরিনারী সার্জন কতৃর্ক  চিকিৎসা প্রদান। | <br>দূরবর্তী গ্রাম থেকে আগত উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে অসুস্থ বাছুর |
| ২.গ্রামে ভেটেরিনারি ফিল্ড এ্যাসিস্ট্যান্ট কতৃর্ক গবাদি পশু ও হাঁস-মুরগির রোগ প্রতিরোধে টিকা  ও প্রাথমিক চিকিৎসার পরামর্শ প্রদান। |  |
|  |  |

## ৭.উদ্ভাবনী পাইলট প্রকল্প বাস্তবায়নের পরে প্রদানকৃত সেবাঃ

| | |
|---|---|
| ১.গ্রাম ভিত্তিক প্রাণিসম্পদ সেবা ক্যাম্পে ভি.এস/ইউ.এল.ও এর নেতৃত্বে টিম কতৃর্ক জনগনের দোরগোড়ায় গবাদি পশু ও হাঁস-মুরগির রোগ প্রতিরোধ  ও চিকিৎসা সেবা প্রদান |   |
|   |  |





## ৮.সেবাদান পদ্ধতিঃ



সেবা গ্রহণের জন্য

সুস্থ/অসুস্থ গবাদিপশু ও হাঁস-মুরগি

নিজ গ্রামে প্রাণিসম্পদ সেবা ক্যাম্পে মালিকের আগমন

ভি.এস /ইউ.এল.ও কতৃর্ক গবাদি পশু পরীক্ষা ও সেবাদান





## ৯. গ্রাম ভিত্তিক প্রাণিসম্পদ সেবা ক্যাম্পের কাযর্ক্রমঃ

- গবাদি পশু ও হাঁস-মুরগির রোগ প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণে গরু ,মহিষ, ছাগল,ভেড়াকে ক্ষুরা,তড়কা ,বাদলা ,গলাফুলা ও মুরগিকে রাণীক্ষেত ,কলেরা,ফাউল পক্স এবং হাঁসকে ডাক প্লেগ ও কলেড়া রোগের টিকা প্রদান।
- প্রাণিসম্পদের স্বাস্থ্য সেবা সুষ্ঠুভাবে প্রদানের জন্য উপজেলা প্রাণিসম্পদ কমর্কর্তা/ভেটেরিনারি সাজর্ন এর নেতৃত্বে টিম কতৃর্ক গবাদি পশু ও হাঁস-মুরগি পরীক্ষা করে চিকিৎসা ও অন্যান্য স্বাস্থ্য সেবা প্রদান।
- প্রাণিসম্পদ উন্নয়নে পরামর্শ সেবা প্রদান।
- রোগ নিণর্য়ে প্রয়োজনে নমুনা সংগ্রহ।
- প্রাণিসম্পদ বিভাগের বুকলেট,ফোল্ডার ও লিফলেট বিতরণ।

## ১০. গ্রাম ভিত্তিক প্রাণিসম্পদ সেবা ক্যাম্প কার্যক্রমের প্রসেস ম্যাপঃ

পরিকল্পনা প্রণয়ন

⇓

টিম গঠন ( ইউ.এল.ও/ভি.এস, ভি.এফ.এ ২জন ও সংশ্লিষ্ট এলাকার একজন প্রাণিসম্পদ স্বেচ্ছাসেবী)

⇓

উপকরণ সংগ্রহ (টিকা বীজ,সিরিঞ্জ,ঔষধ,যন্ত্রপাতি ইত্যাদি)

⇓

গ্রামভিত্তিক সেবা ক্যাম্পের অগ্রিম কমর্সূচি প্রণয়ন

⇓

অবহিত করণ ও সংশ্লিষ্ট এলাকায় প্রচারনা চালানো

⇓

টিম কতৃর্ক নিদির্ষ্ট তারিখ , সময় ও স্থানে সেবা ক্যাম্পের কাযর্ক্রম পরিচালনা ।

## ১১. প্রকল্পটি প্রাণিসম্পদ বিভাগের প্রচলিত রোগ প্রতিরোধ ও চিকিৎসা পদ্ধতি থেকে আলাদাঃ

শুধু মাত্র উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের মাঠ সহকারীদের পরিবর্তে উপজেলা প্রাণিসম্পদ অফিসার/ভেটেরিনারি সার্জন এর নেতৃত্বে সপ্তাহে এক দিন উপজেলার প্রত্যন্ত গ্রামে গবাদি পশু ও হাসঁ-মুরগির রোগ প্রতিরোধ এবং চিকিৎসা সেবায় আধুনিক প্রাণিসম্পদ সেবা ক্যাম্প পরিচালনা করা।

## ১২.প্রকল্পের উপকার ভোগীঃ

ক. উপকার ভোগী কারাঃ

প্রকল্প এলাকার খামারী,গবাদি পশু ও হাঁস-মুরগি পালনকারীগণ।

খ. সংখ্যাঃ ১২৩১ জন।

গ. প্রকল্প সৃষ্ট বিশেষ সুবিধাঃ নারী, শিশু, প্রবীণ ও প্রতিবন্ধী ব্যাক্তিগণ তাদের দোরগোড়ায় সহজে সেবা পায়।

## ১৩. প্রকল্প বাস্তবায়ন এলাকাঃ

ক. জেলাঃ নওগাঁ

খ. উপজেলাঃ পত্নীতলা

গ. পৌরসভাঃ ১টি (নজিপুর)

গ. ইউনিয়নঃ ৮টি (পাটিচরা,ঘোষনগড়,আমাইড়,নজিপুর,পত্নীতলা,কৃষ্ণপুর,দিবর ও নিরমইল)

ঘ. গ্রামঃ ২৫টি(পালশা,অনন্তপুর,বেংডম,খরাইল,শ্যামপুর,মানাসী,আমাইড় খামারপাড়া,সুবলডাংগা,পাটিআমলাই হিন্দুপাড়া,নান্দাস,দূগার্পুর,কুন্দন,বামইল,উষ্টি,নাগড়গোলা, উত্তোরামপুর,ঝলকাহার,বরহট্রি,চকমুলি,হরিপুর ,মধুপুর,আমাইড় মৃধাপাড়া,ডাবরকুড়ি,নালাপুর ও আমবাটি)

## ১৪. প্রকল্প বাস্তবায়ন সময়কালঃ

ক. প্রকল্প শুরুর তারিখঃ ১৫ জুলাই ২০১৪ খ্রিঃ

খ. প্রকল্প শেষের তারিখঃ ২৫ মে ২০১৬ খ্রিঃ

নিদির্ষ্ট সময় সূচি অনুযায়ী প্রকল্পের কাযর্ক্রম সম্পন্ন হয়েছে।

১৫.প্রকল্প বাস্তবায়নকারী টিমঃ

| প্রজেক্ট উপদেষ্টা | টিম লিডার | টিমের সদস্য |
|---|---|---|
| জনাব মোঃ আব্দুস সালাম সোনার<br>জেলা প্রাণিসম্পদ অফিসার<br>নওগাঁ। | ডাঃ মোঃ আব্দুল মজিদ<br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার<br>পত্নীতলা,নওগাঁ। | ১.মোঃআমিনুল ইসলাম, ভি.এস<br>২.মোঃইব্রাহিম হোসেন,ভি.এফ.এ<br>৩.স.ম সাইদুন নবী, ভি.এফ.এ<br>৪.সংশ্লিষ্ট এলাকার প্রাণিসম্পদ স্বেচ্ছাসেবী |

১৬.গৃহীত সমাধানের ফলে অর্জিত ফলাফলঃ

| টিসিভি(TCV) | প্রকল্প গ্রহণের আগে | প্রকল্প গ্রহণের পরে |
|---|---|---|
| সময় (Time) | ১ দিন | ৩০ মিনিট |
| খরচ (Cost) | ৩০০টাকা | ০.১৫-১০টাকা(টিকার মূল্য) |
| যাতায়াত (Visit) | ১থেকে ৩বার | তাৎক্ষনিক সেবা<br>প্রয়োজনে ১বার |

ফলাফল থেকে দেখা যায় সেবা গ্রহণে সময়,ব্যয় ও যাতায়াত হ্রাস পেয়েছে এবং সেবার মান বৃদ্ধি পেয়েছে।

১৭ .প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় সম্পদ সংগ্রহ/অর্থের উৎসঃ

নিজ অফিস থেকে টিকা বীজ,সিরিঞ্জ,ঔষধ,যন্ত্রপাতি ইত্যাদি সংগ্রহ এবং ভ্রমণ ভাতা ও আনুসাংগিক ব্যয়।

১৮. প্রকল্প বাস্তবায়নে অংশিজনের ভূমিকাঃ

| অংশিজন | ভূমিকা |
|---|---|
| ১. প্রাণিসম্পদ অধিদপ্তর | মেডিসিন ,যন্ত্রপাতি,টিকাবীজ সময়মত সরবরাহ দেওয়া , প্রকল্প সংশ্লিষ্ট কাজে সহযোগিতা প্রদান |
| ২.ইউপি চেয়ারম্যান ও মেম্বর | সহযোগিতা ও প্রচার |
| ৩. প্রাণিসম্পদ স্বেচ্ছাসেবী | সহযোগিতা ও প্রচার |
| ৪. স্থানীয় এনজিও | সহযোগিতা ও প্রচার |

১৯. প্রকল্প বাস্তবায়নে অসুবিধা/চ্যালেঞ্জ এবং সমাধানঃ

| অসুবিধা/চ্যালেঞ্জ | যেভাবে সমাধান করা হয়েছে |
|---|---|
| ১. মেডিসিন ও টিকাবীজ সময় মত পাওয়া | জেলা প্রাণিসম্পদ অফিসারের সার্বিক সহযোগিতায় |
| ২. জনবল | স্থানীয় প্রাণিসম্পদ সেচ্ছাসেবী ও প্রাণিসম্পদ সার্ভির্স প্রোভাইডার ( LSP) এর মাধ্যমে |

২০. প্রকল্প থেকে শিক্ষণীয় বিষয়ঃ

ক. উপজেলার প্রত্যন্ত অঞ্চলে গবাদি পশু ও হাঁস-মুরগির অনেক রোগের অনুসন্ধান করা যায় এবং ইউ.এল.ও/ভি.এস এর নেতৃত্বে কোয়ালিটি সার্ভির্স এর মাধ্যমে রোগ প্রতিরোধ ও নিরাময় সম্ভব।

খ. নারী ,শিশু ,প্রবীন ও প্রতিবন্ধীদের সহজে সেবা দেওয়ার বাস্তব অভিজ্ঞতা।

## ২১. প্রকল্পটির টেকসইযোগ্যতাঃ

প্রকল্পটি অবশ্যই টেকসইযোগ্য। প্রকল্পের সেবার মাধ্যমে সেবা প্রদানকারী প্রাণিসম্পদ বিভাগ ও সেবা গ্রহণকারী গবাদি পশু ও হাঁস-মুরগির মালিকগণ উভয় পক্ষই সুবিধা পাওয়ায় সহজেই গৃহিত হয়েছে।

**প্রকল্পটি স্থায়ীভাবে টেকসই করণের জন্য সুপারিশঃ**

ক . প্রকল্পটি প্রাণিসম্পদ অধিদপ্তরের নিয়মিত কাজের মধ্যে অন্তভূর্ক্ত করা।
খ . উধ্বর্তন কতৃর্পক্ষ কতৃর্ক নিয়মিত মনিটরিং করা।
গ. প্রাণিসম্পদ অধিদপ্তরের শূণ্যে পদে নিয়োগ।
ঘ . সেবা ক্যাম্প পরিচালনার জন্য যানবাহন (এমবুলেটরী) সরবরাহ।

## ২২.প্রকল্পটি সারাদেশে বাস্তবায়নযোগ্যতাঃ

প্রাণিসম্পদ অধিদপ্তরের জনবলকে প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি  করতে পারলে প্রকল্পটি সারা দেশেই বাস্তবায়ন যোগ্য।

২২.ফটোগ্যালারীঃ




অফিসে ভি.এস কতৃর্ক গবাদি পশুর চিকিৎসা প্রদান



কুন্দন গ্রামে সেবা ক্যাম্পে ভি.এস কতৃর্ক ছাগলের চিকিৎসা প্রদান



ইউ.এল.ও পরিচালিত দূগার্পুর গ্রামে সেবা ক্যাম্পে লেয়ার (সোনালী) খামারের মুরগি পরীক্ষা




সুবলডাংগায় ইউ.এল.ও পরিচালিত সেবা ক্যাম্পে প্রবীণ ব্যাক্তির গাভীর চিকিৎসা ও পরামর্শ প্রদান



অনন্তপুর গ্রামে সেবা ক্যাম্পে ছাগলের রোগ প্রতিরোধে পিপিআর টিকা প্রদান




গ্রাম ভিত্তিক প্রাণিসম্পদ সেবা ক্যাম্প পরিচালনায় গঠিত টিম

২৩.নাগরিক সেবায়  উদ্ভাবনে বিশেষ অবদান এবং উদ্ভাবনী পাইলট প্রকল্প সফলভাবে বাস্তবায়নের স্বীকৃতিস্বরুপ উন্নয়ন উদ্ভাবনে জনপ্রশাসন-২০১৬ শীষর্ক আন্তর্জাতিক সামিট থেকে প্রাপ্ত সম্মাননা।

